

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড
গোষ্ঠী মেয়াদি বীমা নীতিমালা, ২০১৮



প্রধান কার্যালয়
গ্রিন সিটি এজ (৮ম তলা) ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

প্রথম অধ্যায়

শিরোনাম ও সংজ্ঞা

০১। শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তনঃ

- (১) এ নীতিমালা “আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড গোষ্ঠী মেয়াদি বীমা নীতিমালা, ২০১৮” নামে অভিহিত হবে;
- (২) এ নীতিমালা প্রেষণে নিযুক্ত কর্মচারী ব্যতিত কোম্পানির সকল স্থায়ী কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হবে; এবং
- (৩) এ নীতিমালা ০১ জুলাই ২০১৮ তারিখ হতে কার্যকর হবে।

০২। সংজ্ঞা: এ নীতিমালায়ঃ

- (১) “পরিষদ” অর্থ এ নীতিমালা কার্যকর হওয়ার পর এর উদ্দেশ্য বাস্তবায়নের জন্য গঠিত গোষ্ঠী মেয়াদি বীমা পরিষদ;
- (২) “নীতিমালা” অর্থ আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড গোষ্ঠী মেয়াদি বীমা নীতিমালা, ২০১৮;
- (৩) “কর্মচারী” / “বীমাকৃত কর্মচারী” / “বীমা স্কীমের সদস্য” / “সদস্য” অর্থ আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমের আওতাভুক্ত স্থায়ী কর্মচারী;
- (৪) “গোষ্ঠী মেয়াদি বীমা স্কীম” অর্থ আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড গোষ্ঠী মেয়াদি বীমা নীতিমালা, ২০১৮ এর আওতায় সংশ্লিষ্ট সকল পক্ষের দায়-দায়িত্ব এবং সুবিধাবলী;
- (৫) “জীবন বীমা প্রতিষ্ঠান” অর্থ জীবন বীমা কর্পোরেশন বা আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড গোষ্ঠী মেয়াদি বীমা নীতিমালা, ২০১৮ এর আওতায় কোম্পানির গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমের সেবা প্রদানকারী বীমা প্রতিষ্ঠান;
- (৬) “আইসিবি এএমসিএল” / “কোম্পানি” / “নিয়োগকর্তা” অর্থ আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড;
- (৭) “প্রিমিয়াম” অর্থ গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমের আওতায় জীবন বীমা প্রতিষ্ঠানকে বাৎসরিক প্রদেয় অর্থ;
- (৮) “টান্দা” অর্থ কোম্পানির বীমাকৃত কর্মচারী কর্তৃক গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমে মাসিক প্রদেয় অর্থ; এবং
- (৯) “বীমা অংক” অর্থ জীবন বীমা প্রতিষ্ঠান এবং নিয়োগকর্তা কর্তৃক প্রত্যেক কর্মচারীর জন্য নির্ধারিত বীমাদাবীর মূল অর্থের পরিমাণ।

দ্বিতীয় অধ্যায়

গোষ্ঠী মেয়াদি বীমা পরিষদ

০৩। পরিষদ প্রতিষ্ঠাঃ

- (১) এ নীতিমালা কার্যকর হওয়ার পর এর উদ্দেশ্য বাস্তবায়নের জন্য নিম্নলিখিত কর্মচারীগণের সমন্বয়ে একটি গোষ্ঠী মেয়াদি বীমা পরিষদ গঠন করা হলো:

১.	অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিন উইং)	সভাপতি
২.	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন)	সদস্য
৩.	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স)	সদস্য
৪.	বিভাগীয় প্রধান (অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট)	সদস্য-সচিব
৫.	বিভাগীয় প্রধান (সেন্ট্রাল অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট)	সদস্য

- (২) সভাপতির অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন।
- (৩) কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা গোষ্ঠী মেয়াদি বীমা পরিষদ পুনর্গঠনের ক্ষমতা সংরক্ষণ করবে।

০৪। পরিষদের ক্ষমতা ও দায়-দায়িত্বঃ

- (১) স্কীম হতে অব্যাহতির জন্য কর্মচারীগণের নিকট হতে গৃহীত আবেদনপত্র পর্যালোচনাপূর্বক সুপারিশ করা;
- (২) এ নীতিমালার অধীনে বীমাকৃত কর্মচারী ও তাঁদের উত্তরাধিকারীর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তৃক উত্থাপিত বিভিন্ন দাবি এবং অনুরূপ দাবির সঙ্গে যুক্ত যাবতীয় বিষয় নিষ্পত্তির সুপারিশ করা;
- (৩) গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমে বীমাকৃত কর্মচারী/সদস্য বীমা স্কীমের অন্তর্ভুক্তির ০২ (দুই) বছর পর হতে মেয়াদপূর্তির পূর্বে চাকুরী হতে ইন্তফা প্রদান/স্বেচ্ছায় অবসর গ্রহণ/চূড়ান্ত অবসর গ্রহণ/ছাটাই/বরখাস্ত/অপসারিত হলে জীবন বীমা প্রতিষ্ঠান হতে আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কর্মচারীকে প্রদানের সুপারিশ করা;
- (৪) এ নীতিমালার কার্যকারিতা নিশ্চিতকরণের লক্ষ্যে নীতিমালায় অনুচ্ছেদ বা উপ-অনুচ্ছেদ সংযোজন, বিয়োজন বা নীতিমালার যেকোন অনুচ্ছেদ বা উপ-অনুচ্ছেদের পরিবর্তনের সুপারিশ করা; এবং
- (৫) কোম্পানির আর্থিক অবস্থা, সময়ে সময়ে কর্মচারীগণকে প্রদত্ত বিভিন্ন প্রণোদনার বিষয়াদি বিবেচনা করে গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমের কোনরূপ পরিবর্তন, পরিমার্জন, রূপান্তর বা অবসায়নের সুপারিশ করা।

তৃতীয় অধ্যায়

গোষ্ঠী মেয়াদি বীমা স্কীম ব্যবস্থাপনা

০৫। গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমের স্বত্বাধিকারীঃ

এ নীতিমালার আলোকে কোম্পানির স্থায়ী কর্মচারীগণের জন্য প্রণীত “গোষ্ঠী মেয়াদি বীমা স্কীম” এর অধীনে জীবন বীমা প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধযোগ্য যাবতীয় সুযোগ-সুবিধার অধিকারী বা ধারক হবে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড।

০৬। গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমের প্রিমিয়াম পরিশোধ ও প্রাপ্যতা মঞ্জুরীঃ

এ নীতিমালার আলোকে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা গোষ্ঠী মেয়াদি বীমা স্কীম নবায়ন, বার্ষিক প্রিমিয়াম পরিশোধসহ কর্মচারীগণের সকল আবেদন ও প্রাপ্যতা মঞ্জুরীর ক্ষমতা সংরক্ষণ করবে।

০৭। গোষ্ঠী মেয়াদি বীমা স্কীম ব্যবস্থাপনাঃ

- (১) কোম্পানির পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত জীবন বীমা প্রতিষ্ঠান এর সাথে চুক্তি সম্পাদন করা;
- (২) চুক্তির শর্তানুযায়ী প্রিমিয়াম প্রদানের মাধ্যমে প্রস্তাবিত গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমটি কার্যকর করা;
- (৩) আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড/নিয়োগকর্তা কর্তৃক প্রতি বৎসর জুলাই মাসে বা নির্ধারিত সময়ের মধ্যে গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমের বার্ষিক প্রিমিয়াম জীবন বীমা প্রতিষ্ঠানকে অগ্রিম পরিশোধ করা;
- (৪) গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমে অব্যাহতির জন্য কর্মচারীগণের নিকট হতে আবেদন গ্রহণ করা;
- (৫) কোম্পানির পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত হারে বীমাকৃত কর্মচারীগণের প্রদেয় চাঁদা তাঁদের মাসিক বেতন হতে আদায় করা;
- (৬) এ নীতিমালার অধীনে বীমাকৃত কর্মচারী ও তাঁদের উত্তরাধিকারীর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তৃক উত্থাপিত বিভিন্ন দাবি এবং অনুরূপ দাবির সঙ্গে যুক্ত যাবতীয় বিষয় নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;
- (৭) জীবন বীমা প্রতিষ্ঠান কর্তৃক গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমের কোনরূপ পরিবর্তন, পরিমার্জন, রূপান্তর বা অবসায়নের প্রস্তাব/নোটিশ কর্তৃপক্ষকে অবহিত করা; এবং
- (৮) এ নীতিমালার আলোকে গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমের যথাযথ প্রশাসন এবং ব্যবস্থাপনা কোম্পানির অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট এবং আর্থিক বিষয়াবলী কোম্পানির সেন্ট্রাল অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট কর্তৃক সম্পাদন করা।


h R

- (১) কর্মচারীগণ ৫৯ (উনষাট) বছর বয়সে মেয়াদ পূর্তিতে চুক্তি অনুযায়ী নির্ধারিত বীমা অংক প্রাপ্য হবেন;
- (২) কর্মচারীগণের অকাল মৃত্যুতে চুক্তি অনুযায়ী বীমা অংক কর্মচারীগণের নমিনি/উত্তরাধীকারীগণ প্রাপ্য হবেন;
- (৩) কর্মচারীগণ চুক্তি অনুযায়ী বীমা সম্বর্পন মূল্য (সারেভার ভ্যালু) প্রাপ্য হবেন;
- (৪) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দুর্ঘটনাজনিত কারণে দুর্ঘটনার তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে বীমাকৃত কোন কর্মচারী মৃত্যুবরণ করলে মূল বীমা অংকের দ্বিগুন পরিমাণ অর্থ কর্মচারীগণের নমিনি/উত্তরাধীকারীগণ প্রাপ্য হবেন;
- (৫) কোন কর্মচারী দুর্ঘটনা কবলিত হয়ে দুর্ঘটনার তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে স্থায়ীভাবে পঙ্গু হলে নিম্নোক্ত হারে অর্থ কর্মচারীগণ প্রাপ্য হবেন:

দুর্ঘটনার বিবরণ	ক্ষতির নিরাপত্তা
ক. উভয় হাত অথবা উভয় পা অথবা উভয় চক্ষু অথবা এক হাত এবং এক পা সম্পূর্ণ নষ্ট হয়ে যায়	ক. মূল বীমা অংকের সম-পরিমাণ অর্থ পরিশোধ
খ. এক হাত অথবা এক পা অথবা এক চক্ষু নষ্ট হয়ে গেলে	খ. মূল বীমা অংকের অর্ধেক পরিমাণ অর্থ পরিশোধ

- (১) কোম্পানির সকল স্থায়ী কর্মচারী গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবে এবং চাকুরী হতে ইস্তফা প্রদান/স্বেচ্ছায় অবসর গ্রহণ/চূড়ান্ত অবসর গ্রহণ/ছাটাই/বরখাস্ত/অপসারণ বা স্কীমের বিলুপ্তি না হওয়া পর্যন্ত সদস্য বহাল থাকবে;
- (২) কোম্পানির সকল স্থায়ী কর্মচারী এবং পরবর্তীতে শুধুমাত্র নবনিযুক্ত কর্মচারীগণ স্থায়ীকরণের সাথে সাথে গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমে স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত হবে;
- (৩) গোষ্ঠী মেয়াদি বীমা স্কীমটি কোম্পানি/নিয়োগকর্তা ও কর্মচারীগণের যৌথ অর্থায়নে পরিচালিত হবে। এক্ষেত্রে কোম্পানি নিজস্ব তহবিল এবং কর্মচারীদের প্রদেয় চাঁদা হতে বাৎসরিক প্রিমিয়ামের সমুদয় অর্থ জীবন বীমা প্রতিষ্ঠানকে চুক্তি অনুযায়ী পরিশোধ করবে এবং পরিচালনা বোর্ড কর্তৃক নির্ধারিত অনুপাত বা হার অনুযায়ী প্রদেয় চাঁদা সদস্য/কর্মচারীগণ তাঁদের বেতন হতে মাসিক ভিত্তিতে প্রদান করবে; এবং
- (৪) জীবন বীমা প্রতিষ্ঠান এবং কোম্পানি/নিয়োগকর্তা এর মধ্যে সম্পাদিত বীমা চুক্তির প্রযোজ্য শর্তাবলী বীমাকৃত কর্মচারী কর্তৃক পরিপালনীয় হবে।


(বাবুল চন্দ্র দেবনাথ)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব


(ড. হাবিব উদ্দিন আহমদ)
চেয়ারম্যান

গোষ্ঠী বীমা সংক্রান্ত তথ্যাবলী :

১.০) গোষ্ঠী বীমা কি :

- ❖ একটি মাত্র চুক্তির আওতায় স্বল্প প্রিমিয়ামে কোন সংস্থা/প্রতিষ্ঠানের সকল সদস্যের জীবনের ঝুঁকি গ্রহণের এক অনন্য ব্যবস্থা হলো গোষ্ঠী বীমা।

২.০) গোষ্ঠীবীমাত্ত্ব হওয়ার যোগ্যতা :

সদস্য সংখ্যা ন্যূনতম ১০ (দশ) জন এবং তদূর্ধ্ব।

- ❖ প্রবেশকালীন বয়স ১৮ বছর এবং অনূর্ধ্ব ক্ষেত্র বিশেষ ৫৬/৬০ বছর।
- ❖ সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত।

৩.০) গোষ্ঠী বীমাত্ত্বিকের জন্য করণীয় :

- ❖ গোষ্ঠী বীমাত্ত্বিকের জন্য প্রস্তাবিত সংস্থায় কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণের নিম্নোক্ত বিবরণসহ তালিকা সরবরাহ করতে হবে : (১) নাম (২) পিতার নাম (৩) পদ মর্যাদা (৪) জন্ম তারিখ/বয়স এবং (৫) যাচিতি বীমা অংক।

৪.০) প্রিমিয়াম কে দেন, নিয়োগকর্তা, না নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীগণ ?

- ❖ প্রিমিয়াম সম্পূর্ণ অথবা আংশিক নিয়োগকর্তা অথবা নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীগণ দিতে পারেন। এটি সংস্থা/প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার উপর নির্ভর করে।

৫.০) গোষ্ঠী বীমার সুবিধাবলী :

গোষ্ঠী বীমা চুক্তির আওতায় কোন সদস্যের অকাল মৃত্যুতে তালিকায় বর্ণিত বীমা অংক অনুযায়ী মৃত্যুদাবি পরিশোধ করা হয়।

- ❖ সহযোগী বীমা হিসেবে গোষ্ঠীবীমার সাথে দুর্ঘটনাজনিত মৃত্যু (ডিআইএবি) এবং দুর্ঘটনাজনিত সম্পূর্ণ অক্ষম (Permanent Disabled) বা অঙ্গহীন (পিডিএবি) সুবিধা নেয়া যায়।
- ❖ ডিআইএবি এর ক্ষেত্রে মৃত্যু হলে শর্তসাপেক্ষে বীমাঅংকের দ্বিগুণ এবং পিডিএবি এর ক্ষেত্রে অঙ্গহীন হলে শর্তসাপেক্ষে বীমাকৃত অংকের সমান অথবা অর্ধেক প্রদান করা হয়।
- ❖ গোষ্ঠী বীমার জন্য দেয় প্রিমিয়াম-এর উপর আয়কর রেয়াত পাওয়া যায়।
- ❖ গোষ্ঠী বীমার দাবীর টাকা আয়কর মুক্ত।



- ❖ মেয়াদী বীমার ক্ষেত্রে বীমাঅংক মেয়াদান্তে ফেরত দেয়া হয়।
- ❖ প্রিমিয়াম ফেরত মেয়াদী বীমার ক্ষেত্রে সম্পূর্ণ প্রিমিয়াম বা আংশিক ফেরত দেয়া হয়।

৬.০) কর্গোরেশনের স্বীম সমূহ :

- ১। গোষ্ঠী সাময়িক (টার্ম)।
- ২। গোষ্ঠী মেয়াদী বীমা।
- ৩। গোষ্ঠী প্রিমিয়াম ফেরত মেয়াদী বীমা।

৬.১) গোষ্ঠী সাময়িক (টার্ম) বীমা :

- ❖ এই বীমা প্রিমিয়াম রেট অত্যন্ত কম।
- ❖ বীমা অংক চাহিদা মোতাবেক।
- ❖ অকাল মৃত্যুতে নির্ধারিত বীমা অংক পরিশোধযোগ্য।
- ❖ দুর্ঘটনায় মৃত্যুর ক্ষেত্রে দ্বিগুণ বীমা অংক এবং অঙ্গহানীর ক্ষেত্রে বীমা অংকের সমান অথবা অর্ধেক বীমাঅংক প্রদান করা হয়।
- ❖ চুক্তির মেয়াদ কমপক্ষে ৩ বছর এবং পরবর্তীতে নবায়নযোগ্য।
- ❖ চুক্তি মেয়াদ শেষে লাভ হলে চুক্তির শর্ত অনুযায়ী প্রফিট কমিশন প্রদান করা হয়।

৬.২) গোষ্ঠী মেয়াদী বীমা :

- ❖ বীমা অংক চাহিদা মোতাবেক।
- ❖ সদস্যগণের অকাল মৃত্যুতে নির্ধারিত বীমা অংক পরিশোধযোগ্য।
- ❖ বীমার মেয়াদ চাকুরী থেকে অবসরকালীন বয়স।
- ❖ চুক্তির শর্ত মোতাবেক চাকুরী থেকে অবসরকালীন সময়ে বীমা অংকের যথাক্রমে ২৫%, ৫০% অথবা ১০০% ফেরত প্রদান করা হয়।
- ❖ প্রিমিয়াম রেট সাময়িক বীমার চেয়ে বেশী এবং সদস্য তালিকায় বর্ণিত সদস্যদের বয়সের ভিত্তিতে ট্যারিফ মোতাবেক রেট নির্ধারিত হয়।

৬.৩) গোষ্ঠী প্রিমিয়াম ফেরত মেয়াদী বীমা :

- ❖ বীমা অংক চাহিদা মোতাবেক।
- ❖ সদস্যগণের মৃত্যুতে বীমা অংক পরিশোধযোগ্য।



- ❖ এ স্বীমের মেয়াদ যথাক্রমে ৫ বছর, ১০ বছর অথবা ১৫ বছর। মেয়াদান্তে নিম্নে বর্ণিত হক মোতাবেক প্রিমিয়াম ফেরত প্রদান করা হয় :-

মেয়াদকাল	প্রিমিয়াম ফেরত
০৫ বছর	৫০%
১০ বছর	৭৫%
১৫ বছর	১০০%

৭.০) দাবী পরিশোধ :

দাবী পরিশোধের জন্য নিম্নবর্ণিত তথ্যাদি প্রয়োজন:-

- ১। মৃত্যুর সনদ।
- ২। চাকুরীজীবী হলে নিয়োগকর্তা কর্তৃক চাকুরীকালীন সময়ে মৃত্যু এ সংক্রান্ত সনদ এবং সরবরাহকৃত তালিকায় ক্রমিক নং।
- ৩। দুর্ঘটনাজনিত কারণে মৃত্যু হলে পুলিশ ও ময়না তদন্ত রিপোর্ট।

৮.০) গোষ্ঠী বীমার প্রয়োজনীয়তা :

- ❖ সংস্থার সদস্যগণের অকাল মৃত্যুতে পরিবারের আর্থিক নিরাপত্তা প্রদান।
- ❖ আর্থিক নিরাপত্তা নিশ্চিত হওয়ায় উন্নত নৈতিক মনোবল, আনুগত্য, কর্ম-উৎসাহ ও কর্মক্ষমতা বৃদ্ধিতে সহায়ক।
- ❖ প্রতিষ্ঠানের পক্ষ থেকে আর্থিক নিরাপত্তা সহায়তা দেয়া।

গোষ্ঠী বীমা চুক্তিতে কম প্রিমিয়ামে বেশী ঝুঁকি নেয়া হয়। গোষ্ঠী বীমাচুক্তি পদ্ধতিগতভাবে খুব সহজ এবং দ্রুত দাবী মীমাংসা করা হয়। আপনিও আপনার সংস্থার জন্য একটি গোষ্ঠীবীমা পলিসি গ্রহণ করে লাভবান হতে পারেন। বিস্তারিত জানার জন্য আমাদের যে কোন অফিস অথবা নিম্ন ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।

গোষ্ঠী বীমা ডিভিশন

প্রধান কার্যালয়

ফোন : ৯৫৬০৮৯৪, ফ্যাক্স : ৯৫৬১৮২৫, ওয়েব : www.jbc.gov.bd



৳ ১০০

একশত টাকা

৭১৪০৫৫৬

প্রকল্প :- গোষ্ঠী মেয়াদী বীমা ১০০ ভাগ মৃত্যু ঝুঁকি এবং ৫৯(উনষাট) বৎসর বয়সে মেয়াদ পূর্তিতে বীমা অংকের ১০০ ভাগ ফেরৎযোগ্য স্বীকৃতির বীমা চুক্তিপত্র।

অন্য দুই হাজার বার সালের জুন মাসের ২১ তারিখে “প্রথম পক্ষ” আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ, বিডিবিএল ভবন, লেভেল-১৭, ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ (অতঃপর “নিয়োগকর্তা” বলিয়া অভিহিত)।

এক

জীবন বীমা কর্পোরেশন (অতঃপর “জীবীক” বলিয়া অভিহিত), যাহা ১৯৭৩ সালের ৬ সংখ্যক বীমা আইনের অধীনে স্থাপিত এবং যাহার প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা জীবন বীমা ভবনে অবস্থিত “দ্বিতীয় পক্ষ” (যে কথাটির মধ্যে যেখানে যাহা গ্রহণীয় ও প্রযোজ্য হয়, তাহার উত্তরবর্তীগণ ও স্বত্ব প্রাপকগণ তদনুসারে অন্তর্ভুক্ত থাকিবেন)-এর মধ্যে ঢাকায় সম্পাদিত এই বীমা চুক্তি সাক্ষ্য বহন করিতেছে যে,

যেহেতু এই চুক্তিনামার দুই পক্ষের প্রতিনিধিবর্গের মধ্যে একটি গোষ্ঠী মেয়াদী বীমা স্কিম বাস্তবায়নের জন্য দুই পক্ষ পত্র বিনিময় ও প্রতিনিধির আলোচনার মাধ্যমে মতৈক্যে পৌছাইয়াছেন, যাহার দ্বারা আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ, বিডিবিএল ভবন, লেভেল-১৭, ৮, রাজউক এভিনিউ, ঢাকা-এর প্রেরিত তালিকায় বর্ণিত সমস্ত বেতনভোগী কর্মকর্তা ও কর্মচারীর জীবন অতঃপর উল্লিখিত শর্তাবলীর অধীনে বীমাকৃত করা হইবে।

সেহেতু এই চুক্তিনামা নিম্নলিখিত সাক্ষ্য বহন করিতেছে:

১। এই চুক্তিনামা ২৩ আগস্ট ২০১১ খ্রিঃ (খ্রিস্টীয়ান প্রতিষ্ঠার তারিখ অর্থাৎ ২৮-০৩-২০১২ ইং এর পূর্বের কোন দাবী পরিশোধযোগ্য নহে) তারিখ হইতে কার্যকর হইবে এবং সদস্যদের ৫৯(উনষাট) বৎসর বয়সে মেয়াদ শেষে মেয়াদোত্তর দাবী বাবদ বীমা অংকের ১০০(একশত) ভাগ নিয়োগকর্তাকে পরিশোধ করা হবে। তবে কোন পক্ষ আগাম তিন মাসের নোটিশ দিয়া চুক্তি বাতিল না করিলে স্বয়ংক্রিয়ভাবে চুক্তি চালু থাকিবে।

২। যে সমস্ত কর্মকর্তা ও কর্মচারী “নিয়োগকর্তা”র অধীনে পূর্ব হইতে চাকরিতে নিয়োজিত রহিয়াছেন এবং যাহাদের বয়স প্রবর্তী জন্মদিনে ৫৯(উনষাট) বৎসর উত্তীর্ণ হইবে না, কেবল তাহাদের জীবন এই চুক্তিনামার আওতায় আসিবে। এই ধরনের বীমাকৃত ব্যক্তিবর্গের বয়স ৫৯(উনষাট) বৎসর পূর্ণ হওয়ার সংগে সংগে এবং তাহার পরে চুক্তিনামার আওতায় আসিবে না। অতঃপর বিধৃত ৯ সংখ্যক দফায় যেমনটি উল্লেখ করা হইয়াছে তদনুসারে অন্তর্ভুক্তির বিষয়ে অবহিত করা হইলেই কেবল সমস্ত নতুন সদস্যের জীবন বীমাকৃত করা হইবে। যদি কোন কর্মকর্তা ও কর্মচারীর অন্তর্ভুক্তির বিষয় যথাযথভাবে অবহিত করা না হয়, তাহা হইলে “জীবীক”-এর নিকট সন্তোষজনক হইলে বীমাকরণ সংক্রান্ত সাক্ষ্য প্রমাণসহ নব অন্তর্ভুক্তির জন্য অনুরোধ জ্ঞাপন করিতে হইবে।

৩। (ক) এই চুক্তিনামা কার্যকর থাকাকালে যদি কোন “বীমাকৃত” ব্যক্তির মৃত্যু হয় এবং তাহার প্রবর্তী জন্মদিনে তাহার বয়স যদি ৫৯(উনষাট) বৎসরের উর্ধ্বে না হয় তাহা হইলে এই চুক্তিনামায় বিধৃত অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে সময়ান্তরে অন্তর্ভুক্তি আকৃতিগণ এবং শর্তাবলী সাপেক্ষে বীমাকৃত অর্থ মাসিক মূল বেতনের ৩৬(ছত্রিশ) গুণ যাহা অতঃপর বীমাকৃত অর্থ বলিয়া অভিহিত হইবে, তাহা এই চুক্তিনামার ৯(ক) দফার পরিশ্রুতিতে “জীবীক”-এর নিকট লিখিতভাবে বীমাকৃত ব্যক্তি সম্পর্কিত বিবরণ পূর্বে প্রেরণ সাপেক্ষে “জীবীক” নিয়োগকর্তা সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর বীমাকৃত অর্থ “নিয়োগকর্তা”-কে প্রদান করিবে।

(খ) পর্যায়/শ্রেণী পরিবর্তনের দরুন কোন বীমাকৃত ব্যক্তির অর্থের পরিমাণ বৃদ্ধি পাইলে তাহা “জীবীক”কে অবহিত করিতে হইবে এবং এই পরিবর্তন সম্পর্কে অবহিত করার পর অতিরিক্ত বীমাঅংকের প্রিমিয়াম প্রাপ্তি সাপেক্ষে চলতি চুক্তিবর্ষের জন্য তাহা কার্যকর হইবে। তবে শর্ত থাকিবে যে চলতি চুক্তিবর্ষের আওতায় অতীতে যে সময়কালের জন্য “জীবীক” কর্তৃক ভূতাপেক্ষ কার্যকারিতা প্রদান করা সম্ভব হয় নাই সেই সময়কালের জন্য বীমাকৃত অর্থের পরিমাণ বৃদ্ধিকে ভূতাপেক্ষ কার্যকারিতা প্রদান করা যাইবে না।

৪। (ক) দুর্ঘটনাজনিত কারণে মৃত্যু ও স্থায়ী পংক্তের সুবিধা (পিডিএবি) :- যদি কোন সদস্য দুর্ঘটনাকবলিত হইয়া দুর্ঘটনার তারিখ হইতে ৯০(নব্বাই) দিনের মধ্যে মৃত্যুবরণ করেন তাহা হইলে তাহার নির্ধারিত বীমা অংকের ষষ্ঠপ পরিমাণ অংক “জীবীক” “নিয়োগকর্তা”-কে পরিশোধ করিবে। এই ক্ষেত্রে অতিরিক্ত প্রিমিয়াম হাজার প্রতি টা: ২.০০(দুই টাকা) হিসাবে প্রদান করিতে হইবে।

(খ) আর যদি কোন সদস্য দুর্ঘটনাকবলিত হইয়া দুর্ঘটনার তারিখ হইতে ৯০(নব্বাই) দিনের মধ্যে স্থায়ীভাবে পংক্ত হইয়া যান, সেই ক্ষেত্রে জীবন বীমা কর্পোরেশন নিম্নে বর্ণিত তফসিল অনুযায়ী অতিরিক্ত সুবিধা প্রদান করিবে:

“তফসিল”

১। উভয় হাত অথবা উভয় পা অথবা উভয় চক্ষু অথবা যদি এক হাত এবং এক পা সম্পূর্ণরূপে নষ্ট হইয়া যায় :	১। মূল বীমা অংকের সমপরিমাণ অর্থ “নিয়োগকর্তাকে” প্রদান করা হইবে।
২। এক হাত অথবা এক পা অথবা এক চক্ষু নষ্ট হইয়া গেলে:	২। বীমাকৃত অংকের অর্ধেক পরিমাণ অর্থ “নিয়োগকর্তাকে” প্রদান করা হইবে।

৫। চুক্তিনামায় যে বীমার কথা উল্লেখ করা হইয়াছে তাহার পরিপ্রেক্ষিতে “নিয়োগকর্তা” বৎসরের শুরুতেই বীমাকৃত অর্থের বার্ষিক প্রিমিয়াম পিডিএবিসহ ট্যারিফ মোতাবেক রেটে “জীবীক” কে অগ্রিম প্রদান করিবে। দ্বিতীয় এবং পরবর্তী বৎসরগুলির প্রিমিয়াম, প্রিমিয়াম প্রদানের নির্দিষ্ট তারিখ হইতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করিতে হইবে। অন্যথায় চুক্তির কার্যকারিতা রহিত হইবে।

৬। এই চুক্তিনামা কার্যকর থাকিলে, সংশ্লিষ্ট প্রিমিয়াম পরিশোধ করা হইলে এবং “নিয়োগকর্তা” কর্তৃক “জীবীক”কে নিয়োজিত সদনপত্রাদি সরবরাহ করা হইলে কেবল ইহার সম্পর্কে ও সংখ্যক দফায় যেইরূপ বর্ণনা করা হইয়াছে তদনুসারে এই চুক্তির অধীনে দাবী (সমূহ) পরিশোধযোগ্য হইবে এবং এই ধরনের পরিশোধের ফলে “জীবীক” এই সকল দাবী-দাওয়ার সামগ্রিক দায়দায়িত্ব হইতে অব্যাহতি ও বিমোচন লাভ করিবে:

(ক) বীমাকৃত ব্যক্তির চিকিৎসারত চিকিৎসক কর্তৃক প্রদত্ত মৃত্যু সম্পর্কিত সার্টিফিকেট, দুর্ঘটনায় মৃত্যুর ক্ষেত্রে ময়না তদন্তের রিপোর্ট ও সুরতহাল রিপোর্ট,

(খ) বীমাকৃত ব্যক্তি/সদস্য মৃত্যুর সময় পর্যন্ত “নিয়োগকর্তা”র অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী ছিলেন, এই মর্মে “নিয়োগকর্তা” কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।

৭। প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর কল্যাণের জন্য এই চুক্তিনামায় পরিশোধযোগ্য যাবতীয় সুযোগ-সুবিধা এবং চুক্তিনামার অধিকারী বা ধারক হইবেন “নিয়োগকর্তা”।

৮। এই চুক্তিনামার ২নং ও ৩নং দফায় যেমনটি বর্ণনা করা হইয়াছে তদনুযায়ী সমুদয় অর্থ “নিয়োগকর্তা”কে পরিশোধ করা হইবে।

৯। (ক) যুঁকি শুরু হওয়ার পূর্বে “নিয়োগকর্তা” প্রাথমিকভাবে যে সকল কর্মকর্তা ও কর্মচারীর নামের তালিকা বীমা অংকসহ “জীবীক”-কে প্রদান করিবেন অথবা “নিয়োগকর্তা”কে তাহা প্রদানের জন্য বলা হইবে এবং ইহার পরে প্রতি মাসে নবনিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীদের এইরূপ তালিকা (সমূহ) সম্পূরক হিসাবে প্রেরণ করিতে হইবে এবং এইরূপ তালিকা (সমূহ) এই চুক্তিনামার অবিচ্ছেদ্য অংশ রূপে বিবেচিত হইবে। এই প্রকার যাবতীয় তালিকা প্রাধিকার প্রাপ্ত অফিসার কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত হইতে হইবে।

(খ) অনুরূপভাবে, ইন্তায় প্রদান/স্বেচ্ছায় অবসর গ্রহণ/চূড়ান্ত অবসর গ্রহণ-এর মাধ্যমে যাহারা চাকরি ত্যাগ করিয়াছেন সেই সকল কর্মকর্তা ও কর্মচারী এবং যাহারা চাকরি হইতে ছাটাই, বরখাস্ত বা অপসারিত হইয়াছেন তাহাদের নামের তালিকা, বীমাকৃত ব্যক্তিদের নামের তালিকা হইতে বাদ দেওয়ার জন্য “জীবীক”-এর নিকট প্রেরণ করিতে হইবে। যে তারিখে এইরূপ কর্মকর্তা ও কর্মচারীগণ চাকরি ত্যাগ করিয়াছেন কিংবা চাকরি হইতে বহিস্কৃত হইয়াছেন সেই তারিখ হইতে তাহার/তাহাদের নাম “বীমাকৃত” ব্যক্তির নামের তালিকা হইতে বাদ দেওয়ার বিষয়টি কার্যকর হইবে।



২৫০

০৭/০৩/১৩

১০। এই চুক্তিনামা কার্যকর করিবার নিমিত্ত “নিয়োগকর্তা” কর্তৃক ‘জীবীক’-এর চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট সকল প্রয়োজনীয় তথ্য-প্রমাণাদির ভিত্তিতে “জীবীক” কর্তৃক সরল বিশ্বাসে গৃহীত কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার পর পরবর্তী পর্যায়ে দাখিলকৃত তথ্য-প্রমাণাদি ভুল ও অসত্য বলিয়া প্রমাণিত হইলে সেই ক্ষেত্রে ‘জীবীক’ তাহার গৃহীত কার্যকরী ব্যবস্থার জন্য দায়ী হইবে না।

১১। “জীবীক”-এর অনুরোধক্রমে “নিয়োগকর্তা” প্রয়োজনে এই চুক্তিনামা স্ট্যাম্পিং, পৃষ্ঠাঙ্কন, পরিবর্তন পুনর্বহাল অথবা পরিদর্শনের নিমিত্তে উপস্থাপন করিবে।

১২। যদি এই চুক্তিনামায় বর্ণিত প্রিমিয়াম যথাসময়ে পরিশোধ করা না হয় অথবা চুক্তিতে বর্ণিত কোন শর্ত ভঙ্গ করা হয় অথবা সম্পাদিত চুক্তি বিধি মোতাবেক “নিয়োগকর্তা” কর্তৃক দাখিলকৃত কোন তথ্য ভুল প্রতীয়মান হয় অথবা কোন অত্যাবশ্যকীয় তথ্য উহা রাখা হয় তবে এই ধরনের প্রতিটি ক্ষেত্রে ২০১০ সালের বীমা আইনের ৬৮ নং ধারা (১৯৩৮ সনের বীমা আইনের ৪৫নং ধারা) মোতাবেক ক্ষতির সমপরিমাণ অর্থের জন্য “জীবীক”-এর দায়-দায়িত্ব নাকচ বলিয়া পরিগণিত হইবে ও সংশ্লিষ্ট সদস্যের বীমার এক ইহার আওতায় সুযোগ সুবিধাসহ সকল দাবি বাতিল বলিয়া গণ্য হইবে। এই সকল ক্ষেত্রে পরিশোধিত সমুদয় অর্থ “জীবীক” এর বলিয়া গণ্য হইবে। প্রচলিত আইন মোতাবেক ‘জীবীক’ এই ধরনের লঙ্ঘন মাফ করিয়া দিতে পারিবে অথবা “জীবীক” কর্তৃক নির্দেশিত শর্ত (সমূহ) পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট বীমা অথবা তাহার অংশবিশেষ পুনর্বহাল করিতে পারিবে।

১৩। এই চুক্তিনামায় বিধৃত বীমার সমপূর্ণ মূল্য অথবা পরিশোধিত মূল্য অর্জন করিবে।

১৪। এই চুক্তিনামা কার্যকর থাকাকালে যদি কোন বীমাকৃত সদস্য ০২(দুই) বৎসর পর হইতে মেয়াদ পূর্তির পূর্ব পর্যন্ত চাকুরীচ্যুত হন অথবা অবসর গ্রহণ করেন তাহা হইলে “নিয়োগকর্তা”-কে আনুপাতিক হারে বীমাঅংক ফেরত প্রদান করা হইবে।

১৫। এই চুক্তিনামার ক্ষেত্রে অথবা এই চুক্তিনামার বিষয়ে অথবা এই চুক্তিনামার কোন দফার ব্যাখ্যা সম্পর্কে এখানে উল্লিখিত পক্ষদ্বয়ের মধ্যে কোন বিরোধ দেখা দিলে, বিরোধ নিষ্পত্তির জন্য উভয় পক্ষের সম্মতিক্রমে ১ জন মধ্যস্থতাকারীকে নিযুক্ত করা যাইতে পারে। তাহা না হইলে উভয় পক্ষ ১ জন করে মধ্যস্থতাকারী নিয়োগ করিতে পারিবে এবং ১৯৪০ সালের সালিসি আইনের বিধানসমূহ অথবা এতদসম্পর্কিত যে কোন সংশোধনী বাহ্য বর্তমানে চালু রহিয়াছে তাহা এইরূপ বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

অদ্য দুই হাজার বার সালের জুন মাসের ২১ তারিখে ঢাকা, বাংলাদেশে, চুক্তিনামা স্বাক্ষরিত হইল।

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ-এর পক্ষে:

জীবন বীমা কর্পোরেশন-এর পক্ষে:

(মোঃ আলাউদ্দিন খান)
প্রধান নির্বাহী কর্মকর্তা

(আবুল বাসার)
ডেপুটি জেনারেল ম্যানেজার
গোষ্ঠীবীমা ডিভিশন

০১।

25/06/12
Md. Anwar Hossain Kibria
Deputy Chief Executive Officer

সাক্ষীগণ:

০১।

25/6/12
নাসিমা বেগম
ম্যানেজার-এস

০২।

22/06/12
রাজী উদ্দিন আহমেদ
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

০২।

22/06/12
মোঃ আলাউদ্দিন
ডেপুটি ম্যানেজার - এস